The result of voting will be announced by the company in its website www.kktrc.com

Act, 2013, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from Wednesday, 23rd September, 2020 to Tuesday, 29th September, 2020 (both days inclusive). For Kilkotagiri and Thirumbadi Plantations Limited

M.K. Patwari Place : Kozhikode (DIN: 03444886) Date: 5" September, 2020 Whole-time Director

Place: Kolkata

Dated: 8th September, 2020

Kolkata

আইন বদলেছে, নোটিশ পাওয়ার আগেই সরকারি বাংলো ছাড়ছেন ওমর আবদুল্লা

মুম্বই:জম্মু-কাশ্মীরের সরকারি বাংলোটি স্বেচ্ছায় ছেড়ে দেওয়ার ঘোষণা করলেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ। শ্রীনগরের গুপকার রোডের ওই সরকারি বাংলোয় গত ২০০২ সাল থেকে থাকছেন ওমর। বুধবার সোশাল মিডিয়ায় একটি পোস্ট করে জানিয়েছেন, সম্প্রতিই তিনি জেনেছেন, জম্মু-কাশ্মীরে চালু হওয়া নতুন নিয়মে তিনি আর ওই বাড়িতে থাকার অধিকারী নন। তিনি নতুন বাডির সন্ধান শুরু করেছেন। সেই প্রক্রিয়া শেষ হলে অক্টোবরের মধ্যেই বাংলোটি খালি করে দেবেন। এব্যাপারে জম্ম-কাশ্মীরের স্থানীয় সংবাদপত্রের বেশ কয়েকটি প্রতিবেদনের কথা উল্লেখ করে ওমর আরো জানান, তাঁকে এব্যাপারে গত বছর নোটিশ ধরানো হয়েছে বলে যে রিপোর্ট প্রকাশ করেছে সংবাদপত্রগুলি তা সত্যি নয়। তিনি স্বেচ্ছায় বাংলোটি ছাড়ার সিদ্ধান্ত নিয়েছেন। কারণ কোনোদিনই তিনি কোনো সরকারি সম্পত্তিতে অন্ধিকার দখল করেন্নি আর আজো করবেন

শোক প্রস্তাবের

মাধ্যমে শেষ

হল একদিনের

বিধানসভার

অধিবেশন

শোকপ্রস্তাবের মাধ্যমে শেষ হল

বিধানসভার একদিনের অধিবেশন।

করোনা পরিস্থিতিতে নজিরবিহীন

নিরাপত্তা ও সুরক্ষা বন্দোবস্ত করা

হয় বিধানসভায়। এদিন বিধানসভায়

যান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব

মুখোপাধ্যায়, বিধায়ক তমোনাশ

ঘোষ, সমরেশ দাস, দেবেন্দ্রনাথ

রায়, প্রদেশ কংগ্রেস সভাপতি

সোমেন মিত্র, সিপিআই (এম) নেতা

শ্যামল চক্রবর্তী-সহ ১৯ জন ও

লাদাখের গালওয়ান উপত্যকায়

নিহত ভারতীয় সেনা জওয়ান,

সামনের সারির করোনা যোদ্ধাদের

স্মরণে শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

এছাড়াও দেশের প্রাক্তন রাষ্ট্রপতি

প্রণব মুখোপাধ্যায়ের স্মরণীয়

আলাদা একটি শোকপ্রস্তাব গ্রহণ

করা হয়। প্রয়াতদের স্মরণে সভায় ২

মিনিট নীরবতা পালনের পরে

অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় অনির্দিষ্টকালের জন্য সভা মুলতবি

ঘোষণা করেন। অধিবেশনের শুরুতে

কয়েকটি দফতরের অডিট রিপোর্ট

পেশ করা হয়। দূরত্ব মেনে

বিধায়কদের বসার ব্যবস্থা করা হয়

বিধায়কসহ বিধানসভায় আসা

প্রত্যেকের করোনা পরীক্ষা করা

হয়েছে। এদিন ১৯৭ জনের পরীক্ষা

করা হয়েছে। জলঙ্গির বিধায়ক

আব্দুর রেজ্জাক মণ্ডলের কোভিড

পজিটিভ ধরা পড়ে। মঙ্গলবার ৪৪৭

রেলকে

বেসরকারিকরণ

করার প্রতিবাদ

মজদুর সংঘের

সুমনকুমার দাস, খড়গপুর: মঙ্গলবার

রেলে বেসরকারিকরণ ও আউট

সোর্সিংয়ের প্রতিবাদে সিএমই গেটের

সামনে ভারতীয় রেলের মজদুর

সংঘের পক্ষ থেকে বিক্ষোভ দেখানো

হল। খড়গপুর ওয়ার্কশপ, ওয়াগন

শপ সহ ওপেন লাইনের সব কমিটি

একযোগে বিক্ষোভ দেখান। এদিন

সিএমই গেট থেকে খড়াপুর

ডিআরএম অফিস পর্যন্ত মিছিল

করেন। রেলের অনুমোদনপ্রাপ্ত ২টি

ফেডারেশনের আঁতাতের কারণে

রেল বেসরকারিকরণ হচ্ছে বলে

জানান মজদুর সংঘের জোনাল

মাটির পাত্রে জল খাওয়ার প্রস্তাব

বিক্রেতারা লোন পেতে পারেন এই প্রকল্পের সাহায্যে। এদিন ভিডিও

কনফারেন্স মারফত মধ্য প্রদেশের ইন্দোর, গোয়ালিয়র আর সাঁচির ফুটপাথের

৩ বিক্রেতার সঙ্গে কথা বলেন প্রধানমন্ত্রী। তিনি তাঁদের জানান, কেন্দ্রীয়

প্রকল্পের প্রকল্পের হাত ধরে ফুটপাথের বিক্রেতারা ফের নতুন করে ব্যবসা শুরু

করতে পারবে। সরকার দেখবে যাতে ফুটপাথের বিক্রেতারা উজ্জ্বলা প্রকল্প,

আয়ুত্মান ভারত প্রকল্প-সহ সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা পায়। ফুটপাথের

বিক্রেতারা যদি সুযোগ না পায় তবে জরুরি ভিত্তিতে কাজ করবে সরকার।

প্রাথমিক ভাবে তাঁরা ১০ হাজার টাকা ঋণ পেতে পারেন। এতে ধীরে ধীরে

ব্যবসার উন্নতি হলে সময়মতো ঋণও পরিশোধ করতে পারবেন ব্যবসায়ীরা।'

ফুটপাথের বিক্রেতা 'প্রধানমন্ত্রী স্ট্রিট ভেন্ডর'স আত্মনির্ভর নিধি প্রকল্পে' নাম

নথিভুক্ত করেছেন। এরমধ্যে ১ লাখ ৪০ হাজার বিক্রেতা ১৪০ কোটি মূল্যের

ব্যাঙ্ক ঋণ পেয়েছেন। প্রধানমন্ত্রী আরো জানান, এখন প্রধানমন্ত্রী জন ধন

প্রকল্পের অধীনে ৪০ কোটি মানুষের ব্যাঙ্ক অ্যাকাউন্ট আছে। গরিব মানুষরা

খুব সহজে ঋণ পাচ্ছেন। ঘুষ না দিয়ে বাড়ি তৈরি করতে পারছেন তাঁরা।

কৃষকরা সহজেই ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি আর্থিক সহায়তা পাচ্ছে। করোনা

অতিমারির সময় ২০ কোটি মহিলার ব্যাঙ্ক অ্যাকাউন্টে ঢুকেছে ৩১ হাজার

কোটি টাকা। প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্পের অধীনে ১০ কোটি

কৃষকের অ্যাকাউন্টে ৯৪ হাজার কোটি টাকা ঢুকেছে।

প্রধানমন্ত্রীর দফতরের তথ্য অনুযায়ী, শুধু মধ্য প্রদেশেই সাড়ে ৪ লাখ

🖛 ১ পাতার পর

সভাপতি প্রহ্লাদ সিং।

জনের কোভিড পরীক্ষা হয়েছে।

সুখবর ব্যুরো,

সরকারকে চিঠি দিয়েছেন বলে জানিয়েছেন

২০০২ সালে শ্রীনগর থেকে সাংসদ নির্বাচিত হন ওমর। তখনই তাঁকে শ্রীনগরের গুপকার এলাকার জি ওয়ান বাংলোটি থাকার জন্য বরাদ্দ করা হয়। পরে ২০০৮ সালে জম্ম-কাশ্মীরের মুখ্যমন্ত্রী নির্বাচিত হওয়ার বছর দু'য়েক পর জি ওয়ান বাংলোটির সংলগ্ন জি ৫ বাংলোটিকেও ব্যাবহার করা হয় মুখ্যমন্ত্রী বাড়ি হিসাবে। ২০১৫ সালে তাঁর মুখ্যমন্ত্রিষ্ব শেষ হওয়ার পরও সেই সরকারি বাংলোয় থাকছিলেন তিনি। কেননা, জম্মু ও কাশ্মীরের আইন অনুযায়ী তখনো রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রীনগরে, সরকারি বাংলোয় থাকতে পারতেন। কিন্তু, ২০১৯ সালের আগস্টে, জম্মু-কাশ্মীরের বিশেষ মর্যাদা প্রত্যাহার করে ২ টি কেন্দ্রশাসিত অঞ্চলে ভেঙে দেওয়ার পর অনেক নিয়ম বদলেছে। জম্ম-কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রীদের প্রাপ্য অধিকারের আইনও বদলানো হয়েছে। ওমর জানিয়েছেন, 'কিছুদিন আগেই বিষয়টি আমি জানতে পারি। কেননা, নিরাপত্তা ও অন্যান্য খাতে আমার বরাদ্দগুলির পুনর্নবীকরণের কোনো চেষ্টা করা হয়নি। বিষয়টি আমার কাছে গ্রহণযোগ্য ছিল না একেবারেই। আর তাই আমি অনধিকারে সরকারি বাংলোয় অধিকার করে আছি জানা মাত্রই। বাড়ি খোঁজার প্রক্রিয়া শুরু করি আমি। আশা করি ৮ থেকে ১০ সপ্তাহের মধ্যে বাংলোটি ফাঁকা করে দিতে পারব।'

ट्याद्वा श्वव

প্রসঙ্গত, শ্রীনগরের সবচেয়ে নিরাপদ এলাকা এই গুপকার রোড। প্রতি মুহুর্তে সেখানে চলে সেনা টহল ও নিরাপত্তা জনিত কড়া নজরদারি। ওমরের সরকারি বাংলোর কাছেই বাড়ি তাঁর বাবা ফারুক আবদুল্লাহরও। ওমরের আত্মীয় পরিজনের বাড়িও ওই একই এলাকায়। অক্টোবরের মধ্যে ওই চম্বরে বাড়ি না পেলে ওমর অন্য কোনো এলাকায় যাবেন নাকি বাবার বাডিতেই থাকবেন তা অবশ্য

চিনকে বিশেষবাৰ্তা দিতে আজ আস্বালায় ফ্রান্সের প্রতিরক্ষামন্ত্রী

সুখবর ব্যুরো, নয়াদিল্লি : আজ, বৃহস্পতিবার ভারতীয় বায়ুসেনায় ৫ রাফালের আনুষ্ঠানিক অন্তর্ভুক্তির দিনে চিনকে বিশেষবার্তা দিতে আম্বালায় হাজির থাকছেন ফ্রান্সের প্রতিরক্ষামন্ত্রী ফ্লোরেন্স পার্লে। তাঁর সঙ্গে ভারতে আসছেন ফ্রান্সের বায়ুসেনার শীর্ষ আধিকারিক ও রাফাল তৈরির কারিগর দাঁসো অ্যাভিয়েশনের কর্তারাও। বায়ুসেনার ১৭তম স্কোয়াড্রন 'গোল্ডেন অ্যারো'তে আনুষ্ঠানিক যোগদানের দিনে রাফালের সঙ্গে তালে তাল মিলিয়ে ডানা মিলিয়ে আকাশে উড়তে দেখা যাবে স্বদেশি যুদ্ধবিমান তেজসকে। রাষ্ট্রসঙ্ঘের অন্যতম স্থায়ী সদস্য ফ্রান্স পশ্চিমী দুনিয়ার সামরিক জোট 'ন্যাটো'র প্রতিষ্ঠাতা সদস্যও বটে। লাদাখ প্রশ্নে মার্কিন যুক্তরাষ্ট্র-সহ গোটা পশ্চিমী দুনিয়া যে নয়াদিল্লির পাশেই রয়েছে, সেকথা ঠারেঠোরে চিনকে বুঝিয়ে দেওয়ায় ফ্লোরেন্স পার্লের এবারের ভারত সফর বলে মনে করছেন কূটনৈতিক

রাফালের এদিনের এই আনুষ্ঠানিক অন্তর্ভুক্তির অনুষ্ঠানে আম্বালায় খোদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হাজির থাকতে পারেন বলে সংবাদ মাধ্যমে জল্পনা ছড়িয়েছিল। কিন্তু বায়ুসেনার তরফে এক বিবৃতিতে জানানো হয়, প্রধানমন্ত্রী মোদী নন, বরং অনুষ্ঠানে হাজির থাকবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংই। এছাড়াও অনুষ্ঠানে ভারতের তরফে হাজির থাকবেন দেশের চিফ অফ ডিফেন্স স্টাফ বিপিন রাওয়াত, সেনাপ্রধান এম এম নারাভানে, বায়ুসেনা প্রধান আর কে এস ভাদুরিয়া, প্রতিরক্ষা সচিব ড. অজয় কুমার ও ডিআরডিও'র চেয়ারম্যান ড. জি সতীশ রেডিড। অনুষ্ঠান শেষে দু'দেশের প্রতিরক্ষামন্ত্রীদের মধ্যে রণকৌশলগত নানা বিষয় নিয়ে দ্বিপাক্ষিক বৈঠক হবে। প্রতিরক্ষামন্ত্রক সূত্রে জানা গেছে, রাজনাথের পাশাপাশি দেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের সঙ্গেও আলাদা করে বৈঠক করতে পারেন ফ্রান্সের প্রতিরক্ষামন্ত্রী ফ্লোরেন্স পার্লে। ফ্রান্সের সঙ্গে ৩৬টি রাফাল কেনার চুক্তি করেছে ভারত। আগামীদিনে ভারতকে আরো কিছু রাফাল যুদ্ধবিমান বিক্রি করতে আগ্রহী ফ্রান্স। সেই বিমানগুলি 'মেক ইন ইন্ডিয়া' প্রকল্পের আওতায় ভারতেই যাতে তৈরি করা যায় এনিয়ে দু'দেশের প্রতিনিধি স্তরে আলোচনা হতে পারে বলে মনে করা হচ্ছে।

প্রসঙ্গত, ফ্রান্সের তৈরি মিরাজ-২০০০ যুদ্ধবিমান সাফল্যের সঙ্গে বহুদিন ধরেই ব্যবহার করছে ভারতীয় বায়ুসেনা। রাফাল আসার পর বায়ুসেনার শক্তি যে অনেকটাই বেড়ে সেকথা খোলাখুলিভাবেই জানিয়েছে ভারত। প্রাক্তন বায়ুসেনা প্রধান বি এস ধানোয়া তো এও বলেছেন, ভারতের রাফাল চিনের তৈরি ৫ম প্রজন্মের যুদ্ধবিমানকেও মাটিতে আছড়ে ফেলতে পারে। কিন্তু কৃটনৈতিক বিশ্লেষকদের মতে, রাফালকে নিয়ে ভারতের এত উচ্ছ্বাস প্রকাশের আরো একটি কারণ রয়েছে। সেটি হল পশ্চিমী দুনিয়ার সমর্থন। কাশ্মীর ইস্যুতে রাষ্ট্রসঙেঘ ভারতের পাশে দাঁড়াতে দেখা গেছে ফ্রান্সকে। লাদাখ প্রশ্নেও ফ্রান্স যে ভারতকে সমর্থন করে তা বলাইবাহল্য। ভারতকে এরইমধ্যে রণকৌশলগত বন্ধুম্বের মর্যাদা দিয়েছে ফ্রান্স। এই বন্ধুত্ব যত গাঢ় হবে দক্ষিণ চিন সাগরে বেজিঙের চিন্তা আরো বাড়বে। আর সেটাই চাইছে

ডেপুটি চেয়ারম্যান পদে এনডিএ প্রার্থী হরিবংশের মনোনয়ন পেশ

পদে মনোনয়ন পেশ করলেন জনতা দল (ইউনাইটেড)'এর সাংসদ হরিবংশ নারায়ণ সিং। এনডিএ। জোটের প্রার্থী হিসাবে তিনি মনোনয়ন পেশ করেছেন। রাজ্যসভার সচিবালয়ের তরফে জারি করা রাজ্যসভা নির্বাচনি বিজ্ঞপ্তি অনুযায়ী ৭ সেপ্টেম্বর

থেকে শুরু হয়েছে মনোনয়ন দাখিল পর্ব। মনোনয়ন পেশের শেষ তারিখ ১১ সেপ্টেম্বর, তার ২ দিন আগেই বুধবার মনোনয়ন পেশ করেন বর্ষীয়ান জেডি(ইউ) সাংসদ হরিবংশ নারায়ণ সিং।

১৪ সেপ্টেম্বর থেকে শুরু হবে সংসদের বাদল অধিবেশন, চলবে ১ অক্টোবর পর্যন্ত। রাজ্যসভার অধিবেশনের প্রথম দিনে ডেপুটি চেয়ারম্যান নির্বাচনই বিশেষ অ্যাজেন্ডা হওয়ার কথা। সূত্রের খবর, জনপ্রিয় হরিবংশ নারায়ণ সিংকেই যাতে ডেপুটি চেয়ারম্যান পদে সব দল সমর্থন করে তা চায় এনডিএ। এটা নিয়ে বিভিন্ন রাজনৈতিক দলগুলোর সঙ্গে কথা বলবে বিজেপি আর এনডিএ জোটে শরিকরা। অন্যদিকে, রাজ্যসভার ডেপটি চেয়ারম্যান পদে যৌথভাবে প্রার্থী দিতে চান বিরোধীরা। এক্ষেত্রে ডিএমকে প্রার্থী তিরুচি সিলভাকেই সমর্থন করার সিদ্ধান্ত নিয়েছে কংগ্রেস। মঙ্গলবার সনিয়া গান্ধীর নেতৃত্বাধীন কংগ্রেসের সংসদীয় রণকৌশল

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান সংক্রান্ত গোষ্ঠীর বৈঠকে এটা নিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কংগ্রেস সূত্রে খবর, ডিএমকে প্রার্থীকেই যাতে সমর্থন করা হয় তার জন্য সমমনস্ক দলগুলোর সঙ্গে শিগগিরই কথা বলবে কংগ্রেস নেতম্ব। কংগ্রেসের

মতে, বিরোধীরা ঐক্যবদ্ধ হলে তাদের সংখ্যা এনডিএ'র চেয়ে বেশি হবে। সেক্ষেত্রে যৌথ প্রার্থী দেওয়ার কৌশল

খেটে যাবে বলে মনে করছে কংগ্রেস শিবির। যদিও এই বিষয় একেবারেই উলটো মত তৃণমূল কংগ্রেসের। ঘাসফল শিবির রাজ্যসভায় গেরুয়া শিবিরের সঙ্গে শক্তি প্রদর্শনে যেতে নারাজ। তৃণমূলের যুক্তি, এই লড়াইয়ের কোনো গুরুষ নেই। বিজেপির বরং অ্যাডভান্টেজ পেয়ে যাবে। বিরোধী জোটের প্রার্থীকে হারিয়ে বরং কৃতিম্ব নেবে বিজেপিই, মত তৃণমূল

তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়ান বলেন, 'করোনা আবহে কত জন সাংসদ বাদল অধিবেশনে যোগ দিতে পারবেন সেটাই স্পষ্ট নয়। আমাদের দলেরই অনেক সাংসদ থাকবেন না। যে নির্বাচনের কোনো গুরুষ নেই সেখানে লড়ে আমরা বিজেপিকে ফায়দা তোলার সুযোগ দেব না। কংগ্রেসের সঙ্গে এখন পর্যন্ত এই বিষয় আমাদের কোনো আলোচনা হয়নি।

সুমন তালুকদার, বাদুড়িয়া : বুধবার সকাল ৮ টা ৪৫মিনিটে কলকাতার এক বেসরকারি হাসপাতালে বসিরহাট মহকুমার বাদুড়িয়া পুরসভার প্রশাসক তুষার

গেলেন। ৬ মাস ধরে এক বেসরকারি হাসপাতালে ভরতি ছিলেন। তিনি তৃণমূলের দক্ষ সংগঠক ছিলেন। দীর্ঘদিন ধরে বাদুড়িয়া পুরসভায় চেয়ারম্যান ছিলেন পরে বাদুড়িয়া ব্লকের তৃণমূল কংগ্রেসের সভাপতি হন।

একদিনে আক্রান্ত ৯০ হাজারের কাছাকাছি

উদ্বেগ বাড়িয়ে দৈনিক মৃত্যুতে একনম্বর ভারত

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: দৈনিক মৃত্যুর নিরিখে বুধবার সব দেশকে টপকে শীর্ষে উঠল ভারত। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের হিসাব অনুযায়ী, ২৪ ঘণ্টায় করোনায় মৃত্যু হয়েছে ১,১১৫ জনের। মঙ্গলবার দৈনিক আক্রান্তর সংখ্যা ছিল ৭৫ হাজারের বেশি। ২৪ ঘণ্টার মধ্যে সেটা একলাফে বেড়ে হয়েছে ৮৯,৭০৬। দেশে এখন মোট আক্রান্তর সংখ্যা ৪৩ লাখ ছাড়িয়েছে। সুস্থতার হার বেড়ে হয়েছে ৭৭.৭৭%। এদিকে, ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর)-এর গবেষণায় প্রকাশ, করোনায় মৃত্যুর সংখ্যা কমাতে মোটেই লাভজনক নয় কনভালসেন্ট প্লাজমা থেরাপি। প্লাজমা থেরাপির কার্যকারিতা কতটা তা দেখতে ২২ এপ্রিল থেকে ১৪ জুলাইয়ের মধ্যে দেশের ১৪টি রাজ্য আর কেন্দ্রশাসিত অঞ্চলের ২৫টি শহরের ৩৯টি সরকারি আর বেসরকারি হাসপাতালে আইসিএমআরের নেতৃত্বে মাল্টি-সেন্ট্রিক সমীক্ষা চালানো হয়। মোট ৪৬৪ জন রোগীর (মাঝারি মানের অসুস্থতা, হাসপাতালে ভরতি করোনা রোগী) ওপর চালানো হয় মেডিক্যাল স্ক্রিনিং।

স্বাস্থ্যমন্ত্রকের তথ্য অনুযায়ী, দেশে মোট আক্রান্তর সংখ্যা এখন ৪৩ লাখ ৭০ হাজার ১২৮। এখনো পর্যন্ত করোনাকে জয় করে সুস্থ

একদিনে সুস্থ হয়ে উঠেছেন ৭৪ হাজার ৮৯৪ জন, একদিনে এত বেশি সংখ্যক মানুষের সুস্থ হয়ে ওঠার ঘটনা নতুন। এখনো পর্যন্ত মারণ ভাইরাসে মৃত্যু হয়েছে ৭৩ হাজার ৮৯০। মৃত্যুহার আরো কমে হয়েছে ১.৬৯%। সক্রিয় করোনা রোগীর সংখ্যা এখন ৮ লাখ ৯৭ হাজার ৩৯৪, মোট আক্রান্তর ২০.৫৩%। আইসিএমআর জানিয়েছে, ৮ সেপ্টেম্বর পর্যন্ত মোট ৫ কোটি ১৮ লাখ ৪ হাজার ৬৭৭টি নমুনা পরীক্ষা হয়েছে। এরমধ্যে মঙ্গলবার মোট ১১ লাখ ৫৪ হাজার ৫৪৯টি নমুনা পরীক্ষা হয়েছে। একদিনে ৩৮০ জনের মৃত্যু হয়েছে মহারাষ্ট্রে, ১৪৬ জনের মৃত্যু হয়েছে কর্নাটকে, ৫৭ জনের মৃত্যু হয়েছে পশ্চিমবঙ্গে। স্বাস্থ্যমন্ত্রকের হিসাব অনুযায়ী, মোট মৃত্যুর ৭০% ঘটেছে কো-মর্বিডিটির কারণে। আইসিএমআর অনুমোদিত বেসরকারি একটি ল্যাবের করা সেরো সমীক্ষায় জানা যায়, শহর কলকাতার ২৬% মানুষের মধ্যেই করোনার অ্যান্টিবডি তৈরি হয়েছে। গোটা রাজ্যে ২৩% মানুষের মধ্যে এই অ্যান্টিবডি হদিশ মিলেছে। দেশে মোট আক্রান্তর ৬১% পাওয়া গেছে ৫টি রাজ্যে। এদিকে, হোম আইসোলেশনে থেকেই করোনাকে জয় করে সুস্থ হয়ে উঠেছেন মুম্বানেনি সুবাম্মা নামে আন্ধ্রা প্রদেশের শতায়ু এক বৃদ্ধা। ২১ সেপ্টেম্বর থেকে নবম থেকে দ্বাদশ

শ্রেণির জন্য আংশিক স্কুল খুলতে নির্দেশিকা জারি করেছে স্বাস্থ্যমন্ত্রক। স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর (এসওপি) অনুযায়ী, 'কনটেনমেন্ট জোনের বাইরে থাকা স্কুল খুলতে পারবে। কনটেনমেন্ট জোনের বাইরে থাকা পড়ুয়া, শিক্ষক আর শিক্ষাকর্মীরাই স্কুলে আসতে পারবেন। সুরক্ষার নিয়ম মেনে চলতে হবে সবাইকে। ন্যূনতম ৬ ফুটের শারীরিক দূরস্ব বিধি সবাইকে মেনে চলতে হবে। মাস্ক পরা বাধ্যতামূলক। ২১ সেপ্টেম্বর থেকে স্কুলে ফের খুলতে হলে প্রবেশপথে থার্মাল গান রাখতে হবে। স্কুলে ঢোকার আগেই শিক্ষক, শিক্ষাকর্মী আর পড়ুয়াদের শরীরের তাপমাত্রা মাপতে হবে। ক্লাসরুম স্যানিটাইজ করতে হবে। যে সব স্কুল কোয়ারেন্টাইন কেন্দ্র হিসাবে ব্যবহার করা হয়েছিল সেগুলি বিশেষভাবে জীবাণুমুক্ত করতে হবে।' এদিকে, ১৭১ দিন বন্ধ থাকার পর দিল্লি মেট্রোর ব্লু আর পিঙ্ক লাইনের পরিষেবা চালু হল বুধবার। ৯টি স্টেশনে ইন্টারচেঞ্জ ফেসিলিটির ব্যবস্থা রাখা হয়েছে। সকাল ৭টা থেকে ১১টা আর বিকেল ৪টে থেকে রাত ৮টা পর্যন্ত, ২ দফায় ৪ ঘণ্টা করে দিল্লি মেট্রোর পরিষেবা চালু হয়েছে।

বাঁকুড়ার বিষ্ণুপুরে মাহলা মোর্চার ধিক্কার মিছিল

সঞ্জয় সরকার, বিষ্ণুপুর: দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুরে বিজেপির মহিলা নেত্রী রাধারানি নস্করকে গুলি করার প্রতিবাদে বুধবার বাঁকুড়ার বিষ্ণুপুর শহরে বিজেপির মহিলা মোর্চা ধিক্কার মিছিল করে প্রতিবাদ জানাল। এদিন বিজেপির বিষ্ণুপুর সাংগঠনিক জেলার প্রায় ২০০জন মহিলা কর্মী মহিলা মোর্চার সহসভানেত্রী সুপ্রীতি চট্টোপাধ্যায়ের নেতৃত্বে বিজেপির বিষ্ণুপুর নগর কার্যালয় থেকে মৌন মিছিল করে শহর পরিক্রমা করেন। সুপ্রীতি চট্টোপাধ্যায় বলেন, 'আমাদের রাজ্যে মুখ্যমন্ত্রী নিজে একজন মহিলা। তা সত্ত্বেও এই রাজ্যের মহিলারা যে সুরক্ষিত নন তারই প্রমাণ রাধারানি নস্করের ওপর হামলা ও তাঁর বাড়িতে ঢুকে মাথায় গুলি করা। ওই ঘটনায় জড়িতরা তৃণমূল আশ্রিত বলেই তাঁরা এখনো প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। আমরা অবিলম্বে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি। তা না হলে রাজ্য জুড়ে বৃহত্তর আন্দোলনের পথে যেতে বাধ্য হব।' এদিন সুপ্রীতি চট্টোপাধ্যায় ছাড়াও মিছিলে পা মেলান বিজেপির সোনামুখী নগর মণ্ডল সভানেত্রী শম্পা গোস্বামী সহ অন্যান্য নেত্রী ও মহিলা কর্মীরা। উল্লেখ্য, ৭ সেপ্টেম্বর দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবারের বিষ্ণুপুরের ৪ নং মণ্ডলের কোষাধ্যক্ষ রাধারানি নস্করকে মাথায় গুলি করে

কর্তব্যে অবহেলার অভিযোগে হাসপাতালের সুপার বদল

চিত্ত মাহাত, মেদিনীপর : পশ্চিম পশ্চিম মেদিনীপর জেলায় করোনা মেদিনীপুরের শালবনি কোভিড হাসপাতালে সুপারের পদ থেকে সরিয়ে দেওয়া হল ব্লক স্বাস্থ্য মধ্যে এই হাসপাতলেই ৩০ জন মারা আধিকারিক অভিষেক মিদ্যাকে। গেছেন। বেশিরভাগ রোগীর মারা নতুন সুপার হয়েছেন ডেপুটি সুপার নবকুমার দাস। মুখ্য স্বাস্থ্য আধিকারিক নিমাই চন্দ্র মণ্ডল জানান, অভিষেক মিদ্যার বিরুদ্ধে রোগী মারা যাওয়ায় চিকিৎসায় গাফিলতির অভিযোগ উঠছিল তাই সপারের পদ থেকে তাঁকে সরানো হল। জানা গেছে.

সান্তনা হালদার

স্বামী- নিখিল হালদার।

গায়ের রঙ শ্যামলা, উচ্চতা- 5"

পরনে হলদ ছাপা শাডি।

গত 28.04.2020 থেকে নিরুদ্দেশ

কোনো সহাদয় ব্যক্তি সন্ধান পেলে এই

নাদ্বারে যোগাযোগ করলে বাধিত হব।

7872276665

মৌগ্রাম, বিষ্ণুপুর থেকে।

মধ্যেই কবোনা আক্রান্তের আত্মহত্যা করায় প্রশ্ন ওঠে। DAINHAT MUNICIPALITY PO:- DAINHAT, DIST:- PURBABURDWAN For Details of floated tender for the

আক্রান্তের সংখ্যা বাড়ছে জেলায় এ

পর্যন্ত যে ৮০ জন মারা গেছেন তার

যাওয়ার ক্ষেত্রে ডাক্তারদের ওপরই

অভিযোগ উঠেছে। হাসপাতালে

against the Development work under NIT 87 D.M/ENGG Date-09/09/2020 NIT 88 D M/FNGG Date-09/09/2020 NIT 89 D.M/ENGG Date-09/09/2020 NIT 90 D.M/ENGG Date-09/09/2020 NIT 91 D.M/ENGG Date-09/09/2020 NIT 92 D.M/ENGG Date-09/09/2020 NIT 93 D.M/ENGG Date-09/09/2020 NIT 94 D.M/ENGG Date-09/09/2020. NIT 95 D.M/ENGG Date-09/09/2020,

municipality.org. Office ph no. 03453-244228, 377 Sd/- Chairperson, **Board of Administrators' Dainhat Municipality**

For Details Visit: https://dainhat

OFFICE OF THE NABAGRAM **PANCHAYAT SAMITY**

NI.eT. No. 18, 19, 20/EO/15^{tt} FC/2020-21. Dt. 08/09/2020

xecutive Officer, Nabagram Panchava amity invites e-tender from bonafied ontractors, Agencies, Institution, ndividuals for mentioned work. Websitetpp://wbtenders.gov.in. Tender Id 2020_ZPHD_295623_1, 2020_ZPHD_295627_1

2020 ZPHD 295631 1 to 9. Details information is available at the ebsite and at the office of the undersigne on any working days and time

Executive Office Date: 09.09.2020 Nabagram Panchayat Samity

লাইকিস লিমিটেড CIN: L74999WB1984PLC038064

৫৭বি, সি. আর. অ্যাভেনিউ, প্রথম তল, কলকাতা - ৭০০০১২ ফোন ঃ +৯১ ২২ ৪০৬৯ ৪০৬৯ ফ্যাক্স ঃ +৯১ ২২ ৩০০৯ ৮১২৮ ই-মেল : cs@lykis.in

ওয়েবসাইট : www.lykis.in বিজ্ঞপ্তি

তদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিসিঁ ঘবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস রেগুলেশনস, ২০১৫ এর ২৯ ও ৪৭ নং ধারা অনুযায়ী ঙ্গলবার ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে কোম্পানী রেজিস্টার্ড অফিসে অনষ্ঠিত পরিচালক পর্যদের সভাতে ও মার্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে। ন বৈজ্ঞপ্তিটি বিএসই লিমিটেডেব ওয়েবসাই rww.bseindia.com-এপাওয়া যাবে।

বোর্ড অফ ডিরেক্টরের আদেশানুস লাইকিস লিমিটেড-এর পরে

অনুভব শ্রীবান্ত কোম্পানী সচিব ১ স্থান : কলকাতা

বিজ্ঞপ্তি

GANODAYA FINLEASE LIMITED

Email: ganodayafinlease@gmail.com, Phone:033-2243-6243

1. Notice is hereby given that the 34th Annual General Meeting of the Company will be held on Saturday, September 26, 2020 at 11.00 a.m. (IST) through Video Conferencing ('VC') facility / other audio visual means ('OAVM') ONLY, to transact the business as sel out in the Notice of the AGM. In accordance with the General Circular issued by the Ministry of Corporate Affairs dated May 5, 2020 read with General Circulars dated April 8 2020 and April 13, 2020 (collectively referred to as 'MCA Circulars') and Securities and Exchange Board of India ('SEBI') Circular dated May 12, 2020, the Company has sent the Notice of the 34th AGM along with the Annual Report 2019-20 on Friday, September 4, 2020, through electronic mode only to those Members whose e-mail addresses are registered with the Company or Registrar & Transfer Agent and Depositories. The requirement of sending physical copies of the Notice of the AGM has been dispensed with vide MCA Circulars and the SEBI Circular. The Annual Report 2019-20 of the Company, inter alia, containing the Notice and the Explanatory Statement of the **34th AGM** available on the website of the Company at www.ganodayafinlease.com and on the websites of the Calcutta Stock Exchanges viz. www.eseindia.com. A copy of the same is also available on the website of Central Depository Services Limited ('CDSL') at www.evotingindia.com. 2. The Register of Members and Share Transfer Books of the ompany will be remain closed from Saturday, September, 19, 2020 to Friday, 25th September, 2020, both days inclusive for the purpose of Annual General M nbers holding shares either in physical or dematerialised form as on cut off dat 19th September, 2020 will have the option to exercise their right to vote at the 34th AGM by electronic means through e-voting services provided by Central Depository Services Ltd. (CDSL.). The e-voting period shall commence on Saturday, 19th September, 2020 at 10.00 A.M and will end on Friday, 25th September, 2020 at 5.00 P.M, after which the

Dated: 09/09/2020

By order of the Board Rina Saraya Company Secretary

Sd/- Chairperson **Board of Administrators Bongaon Municipality**

BONGAON MUNICIPALITY

Improvement and widening of Premixing Road at Kamarbari Road

Starting from Chakdah Road upto Ramkrishnapally Sporting Club in

reference - NIT NO-WBMAD/06/BM/2020-21/ HFA Dt.- 08.09.2020

Group No.-(A) Tender ID 2020 MAD 295572 1. 1.Bid Submission

Start date - \ 08/09/2020 at 17:00 hrs. 2.Date & Time of Pre-bid meeting-15/09/2020 at 14:00 hrs. 3.End date - 24/09/2020 at 17:00

hrs. 4. Bid opening date: - 26/09/2020 at 17:00 hr. All other information

office of the Bongaon Municipality

নবরতন আর্টস লিমিটেড CIN: L51109WB1981PLC033431 রেজিস্টার্ড অফিস: ১১৯বি, মুক্তারামবাবু স্ট্রীট, দ্বিতীয় তল, কলকাতা - ৭০০ ০০৭ ফোন:০৩৩ ৪০০১ ১৯৮১, ধ্যমেবসাইট:www.nawratan.com, ই-মেল:nawratanartsItd@gmail.com

	৩০ জ্বন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ									
					(লাখটাকায়)					
		2	সমাপ্ত ত্রেমাসিক							
ξ.	বিবরণ	৩০.০৬.২০২০ (অনিরীক্ষিত)	৩১.০৩.২০২০ (নিরীক্ষিত)	৩০.০৬.২০১৯ (অনিরীক্ষিত)	৩১.০৩.২০২০ (নিরীক্ষিত)					
	কাজের থেকে আয়									
5)	কাজের থেকে প্রকৃত বিক্রি / আয়									
	(প্রকৃত আবগারি গুল্কের)	-	ર, ૧8	-	ર, ૧৪					
,	অন্যান্য আয়	(০,৪৬)	(5.84)	୦.୭୭	0,59					
	মোট আয়	(০,৪৬)	0,82	୦.୭୭	૨,૯૧					
	ব্যয়									
)	ব্যবসায় স্টকের হ্রাস (বৃদ্ধি) ও কাজের অগ্রগতি	-	3.80	-	26.4					
,	ব্যবসায় স্টক ক্রয়	-	-	-	-					
,	আর্থিক ব্যয়	-	-	-	-					
,	কর্মী সুবিধার্থে ব্যয়	0,8২	0,82	٧ ه.٥	2,66					
,	অবচয় ও ক্রমশোধিত ব্যয়	-	-		-					
	অন্যান্য ব্যয়	৩.৭৪	\$.98	5.48	8.৬২					
	মোট ব্যয়	8,5%	8.55	٤.২১	ప. ২ల					
.	ব্যাতক্রমীদকা ও করের আগে লাভ /									
	(ক্ষতি)(২-১)	(ક.હર્)	(৩,২৯)	(5,66)	(७.७७)					
	ব্যতিক্রমী দক্ষা	-	-	-	-					
	করের আগে লাভ / (ক্ষতি) (৩-৪)	(ક.હર્)	(৩.২৯)	(5,66)	(७.७७)					
	কর ব্যয়	-	-	-	-					
	এই পর্বের লাভ / (ক্ষতি) (৫-৬)	(ક.હર્)	(৩.২৯)	(5,66)	(७.७७)					
	অন্যান্য কমগ্রিহেনসিভ আয়									
	১. যে দফা লাভ বা ক্ষতি হিসাবে									
	পুনর্বিন্যাসিত হবে না	-	-	-	-					
	২. যে দফা থেকে গ্রাপ্ত আয়কর লাভ বা									
	ক্ষতি হিসারে পুনর্বিন্যাসিত হরে না	-	-	-	-					
	এই পর্বের অন্যান্য কমপ্রিছেনসিড আয় (প্রকৃত করের)	-	-	-	-					
	এই পর্বের মোট কমগ্রিহেনসিভ আয় (৭+৮)									
	(এই পর্বের লাভ (ক্ষতি) ও অন্যান্য									
	কমগ্রিহেনসিভ আয় সহ)	(ક.હર)	(৩,২৯)	(5,66)	(<i>७.७७</i>)					
э,	আদয়দত ইকুইটি শেয়ার মূলধন									
	(গ্রারন্তিক মূল্য ১০ টাকা)	\$\$0.00	\$\$0,00	\$\$0.00	\$\$0,00					
٥.	ব্যলান্সশীট অনুযায়ী অন্যান্য ইকু্যইটি	-	\$\$9.95	-	৯১৭.৭১					
	ইপিএস (অতিরিক্ত দফার আগে)									
	প্রতিটি ১০টাকা (বার্ষিকভাবে নয়)	-	-	-	-					
	ক. মূল	(०.8২)	(0,00)	(0,50)	(0.62)					
	খ. লযুক্ত	(०.8३)	(0,00)	(0,50)	(0,6%)					

খ্ লঘুকুত

স্থান : কলকাতা

১। উপরোক্ত আর্থিক ফলাফলটি ০৮.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত বৈঠকে কোস্পানীর সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ দ্বারা নিরাীক্ষিত হয়েছেও কোম্পানীর পরিচালকবর্গের দ্বারা অনুমোদিত হয়েছে।

২। ৩০.০৬.২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলের একটি লিমিটেড রিভিউ সংবিধিবদ্ব নিরীক্ষক দ্বারা সম্পন্ন হয়েছে। তবে কর্তৃপক্ষ যথেষ্ট নিপুণতার সাথে জ্বানচ্ছে যে একমেবাদ্বিতীয়াম আর্থিক ফল কোম্পানীর কার্যকলাপের সঠিক মূল্যায়ণ করছে।

৩। বিগত বছরের / পর্বের অর্থাক্কণ্ডলি প্রয়োজনানুষায়ী বর্তমান পর্বের সঙ্গে সামঞ্জস্য রেখে পুনর্বিন্যাসিত

৪। পর্বভিত্তিক আলোচনা করার মত কোস্পানীর কোনো পর্ব নেই।

৫। কোম্পানীর ওয়েবসাইট www.nawratan.com-এ আর্থিক ফলাফল ও লিমিটেড রিভিউ রিপোর্ট

পাওয়া যাবে। ৬। ৩০.০৬.২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকে প্রাপ্ত বিনিয়োগকারীর অভিযোগ — শুরুতে : ০. প্রাপ্ত

্, সমাধান : ০, শেষে : ০। নববতন আর্ট্যা লিমিটেড এব পক্ষে টিনা খৈতান তারিখ: ০৮.০৯.২০২৫ (DIN: 07092761)

বাদুড়িয়ার পুর প্রশাসকের ক্যান্সারে মৃত্যু

সিংহ (৪৫) ফুসফুসে ক্যান্সারে আক্রান্ত হয়ে মারা

কঙ্গনার বাড়ি ভাঙায়

অফিস ভাঙার নোটিশ দেয় বিএমসি। অভিনেত্রী তারপরেই জানিয়েছিলেন, তাঁর কাছে ওই অফিসের আইন মোতাবেক সব নথিপত্র রয়েছে। তিনি ওই অফিসে কোনো বেআইনি কাজও করেননি। তাই বিএমসি তাঁর অফিস ভাঙতে পারে না। তাছাড়া করোনা অতিমারি পরিস্থিতিতে এমনিতেই মুম্বইয়ে আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত কোনোরকম নির্মাণ ভাঙা যাবে না বলে জানিয়েছিল প্রশাসন। তাই সেই নিয়ম অনুযায়ীও তাঁর অফিস ভাঙার প্রক্রিয়া বেআইনি। এই মর্মে মঙ্গলবার রাতেই তাঁর আইনজীবী মারফত বম্বে হাই কোর্টে মামলা দায়ের করেন কঙ্গনা। বুধবার দুপুরে সেই মামলার শুনানি শুরু হয়। তারপরই কঙ্গনার অফিস ভাঙার প্রক্রিয়ায় স্থগিতাদেশ দেয় আদালত।

কঙ্গনার আইনজীবী জানিয়েছেন, বিএমসির নোটিশের যে জবাব কঙ্গনা দিয়েছিলেন তা খারিজ করার আগেই পালি হিলে কঙ্গনার অফিস ভাঙার প্রক্রিয়া শুরু করে দেয় বিএমসি। এ থেকেই বোঝা যাচ্ছে নোটিশ দেওয়া বা তার জবাব পাওয়ার আইনই প্রক্রিয়াটি স্লেফ

স্পৃহা মেটাতে কঙ্গনার অফিস ভাঙাই একমাত্র উদ্দেশ্য ছিল শিবসেনা নিয়ন্ত্রিত বিএমসির। গত কয়েক সপ্তাহ ধরেই মুম্বইয়ের শাসক জোটের অন্যতম শিবসেনার সঙ্গে বাগযুদ্ধ চলছিল কঙ্গনার। প্রাথমিকভাবে সুশান্ত মৃত্যু মামলা নিয়ে বিরোধ শুরু হলেও পরে তা ক্রমশ জটিল হতে থাকে। শিবসেনা নেতা সঞ্জয় রাউত মুম্বই থেকে দূরে থাকার হুমকি দেন কঙ্গনাকে। অন্যদিকে, কঙ্গনাও মুম্বইকে পাক অধিকৃত কাশ্মীরের সঙ্গে তুলনা করেন। বিষয়টি নিয়ে বিতর্ক এতদূর গড়ায় যে মুম্বইয়ে কঙ্গনার নিরাপত্তা নিশ্চিত করতে ওয়াই প্লাস ক্যাটাগরির সুরক্ষা দেওয়া হয় তাঁকে। মুম্বই বিমানবন্দরে তাঁকে সুরক্ষা দেওয়ার অঙ্গীকার করে করণি সেনা এমনকী কেন্দ্রীয় মন্ত্রী রামদাস আটাওয়ালা জানিয়েছেন তাঁর রাজনৈতিক দল রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া (এ) যাবতীয় সুরক্ষা দেবেন কঙ্গনাকে। বুধবার সকালেই হিমাচল প্রদেশের একটি মন্দিরে পুজো দিয়ে মোহালি বিমানবন্দরের উদ্দেশে রওনা হন কঙ্গনা। তারপরই মুম্বই বিমানবন্দরের নিরাপত্তাও বাড়ানো হয়। —পিটিআই

স্থাগতাদেশ কোর্টের

নামের জন্য ছিল। যেন তেন প্রকারে শিবসেনার প্রতিশোধ